



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/26/2021

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো

গভর্নর কুওমো 65 এর বেশি বয়সী মানুষদের সেবা প্রদানের জন্য পরিকল্পনা করা সাইটগুলোকে অন্তর্ভুক্ত করার জন্য টিকাদান নেটওয়ার্ক সম্প্রসারণের ঘোষণা দেন

*স্টেট বিশেষত 65+ বয়সীদের জন্য টিকাদান সাইটগুলি অন্তর্ভুক্ত করতে স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে অংশীদার হবে*

*সাইটগুলি পরিবহন ও সহায়তা সেবা প্রদান করবে*

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট জুড়ে 65+ বয়সী মানুষদের জন্য টিকাদান সাইট অন্তর্ভুক্ত করতে স্টেট স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে অংশীদার হবে। এই সাইটগুলো স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে যেখানে প্রয়োজন যৌথভাবে হবে এবং নিউ ইয়র্কবাসীদের টিকা দেওয়ার স্থানে যাওয়া আসার পরিবহনের জন্য এবং তাদের টিকা সংক্রান্ত কাগজপত্রের জন্য বিশেষ সহায়তা প্রদান করবে। নিউ ইয়র্ক স্টেটের টিকা বরাদ্দ বৃদ্ধির সাথে সাথে, এই 65+ অগ্রাধিকার সুবিধা ও অ্যাপয়েন্টমেন্ট ফেডারেল সরকার থেকে অতিরিক্ত সরবরাহ থেকে সক্রিয় করা হবে। নিউ ইয়র্ক স্টেট জুড়ে কাউন্টিগুলি আগামী সপ্তাহ থেকে এই লক্ষ্যে মডার্না ভ্যাকসিনের সরবরাহ বাড়িয়ে তুলবে।

"আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের টিকা দেওয়ার উপর মনোযোগ প্রদান করার সাথে সাথে নিউ ইয়র্ক প্রতিদিন আরো বেশি করে ভ্যাকসিন পাচ্ছে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা জানি যে আমাদের মিনিয়র নিউ ইয়র্কবাসীরা COVID এ বেশি ঝুঁকির মধ্যে আছে এবং এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমরা তাদের নিজস্ব কমিউনিটিতে টিকা পাওয়ার অ্যাক্সেস প্রদান করি, সেই সাথে তাদের সময়সূচি ও তাদের অ্যাপয়েন্টমেন্ট থেকে যে সাহায্যের প্রয়োজন তা প্রদান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই নতুন সাইট স্থাপনের জন্য আমাদের স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে একত্রে কাজ করার মাধ্যমে, আমরা আমাদের 65+ বয়সী মানুষদের পক্ষে টিকা গ্রহণের প্রক্রিয়া যতটা সম্ভব সহজ তা নিশ্চিত করতে এবং টিকা বিতরণের মাধ্যমে সামাজিক ন্যায়বিচার ও নিরপেক্ষতার লক্ষ্যে পৌঁছানোর আরো কাছাকাছি পৌঁছাতে সহায়তা করব।"

অবস্থান, খোলার তারিখ এবং ঘন্টার পর ঘন্টা কার্যক্রম সহ সাইটের বিস্তারিত বিবরণ সাইট হোস্ট বা স্পন্সর থেকে আসবে। মনে রাখবেন যে, যোগ্য নিউ ইয়র্কবাসীরা এখন নিউ ইয়র্কের 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইট অথবা স্টেটের COVID-19 টিকাদান হটলাইন

1-833-NYS-4-VAX (1-833-697-4829) এ কল করে ব্রুকলিন ও কুইন্স সাইটের জন্য অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন। নিউ ইয়র্কের সিনিয়রদের জন্য অ্যাপয়েন্টমেন্ট প্রক্রিয়া ও অভিজ্ঞতা আরো উন্নত করার জন্য হটলাইনে বেশ কিছু উন্নতি বাস্তবায়নের জন্য কাজ করেছে, বিশেষ করে যারা তাদের সরাসরি অ্যাক্সেস প্রদান করে যারা সময়সূচি বা প্রশ্নের উত্তর দিতে সাহায্য করতে পারে এমন 75+ বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য একটি লাইন।

2020 সালের শেষের দিকে, সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাদো, ন্যাশনাল আরবান লীগের প্রেসিডেন্ট (National Urban League President) ও প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক মরিয়াল ও হেলথফাস্ট (Healthfirst) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট ওয়াং এর সভাপতিত্বে গভর্নর নিউ ইয়র্কের ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স (Vaccine Equity Task Force) চালু করার ঘোষণা দেন। প্রতিষ্ঠার পর থেকে টাস্ক ফোর্স টিকা দেওয়ার ক্ষেত্রে বাধা ভেঙে এবং স্টেট জুড়ে টিকার ন্যায্যসঙ্গত বন্টন রয়েছে কি না তা নিশ্চিত করে এবং দুর্বল ও নিম্নবিত্ত কমিউনিটিগুলি যাতে পিছিয়ে না পড়ে তা নিশ্চিত করার লক্ষ্যে কাজ অব্যাহত রেখেছে।

উপরন্তু, নিউ ইয়র্ক চার্চ, কমিউনিটি সেন্টার ও পাবলিক হাউজিং কমপ্লেক্সগুলিতে সরাসরি সম্প্রদায়গুলির ভিতরে স্টেট জুড়ে 104টিরও বেশি অস্থায়ী কমিউনিটি ভিত্তিক 'পপ আপ' টিকা প্রদানের সাইট স্থাপন করেছে যা ঐতিহ্যগত স্বাস্থ্য সেবা ব্যবস্থার দ্বারা অপরিষেবা দেওয়া হয়েছে। 15 জানুয়ারি থেকে প্রায় 45,000 নিউ ইয়র্কবাসী এই কমিউনিটি ভিত্তিক পপ-আপ সাইটে তাদের প্রথম COVID-19 টিকার ডোজ পেয়েছে। প্রথম ডোজ প্রশাসনের পর, সাইটগুলি তারপর দ্বিতীয় ডোজ পরিচালনা করার জন্য তিন সপ্তাহ পরে পুনরায় প্রতিষ্ঠিত হয়।

নিউ ইয়র্ক এই সমস্ত পপ-আপ সাইটগুলি প্রতিষ্ঠা অব্যাহত রাখবে যতক্ষণ না এগুলিকে সমস্ত 33 NYCHA সিনিয়র হাউজিং ডেভেলপমেন্টে (Senior Housing Developments) স্থাপন করা হয়, যেখানে 7,600 জনের বেশি বয়স্ক রয়েছে। এছাড়াও স্টেটব্যাপী অন্যান্য পাবলিক হাউজিং কমপ্লেক্সে ও তার সাথে 300টিরও বেশি চার্চ ও সাংস্কৃতিক কেন্দ্রে পপ-আপ অবস্থানগুলি স্থাপন করা অব্যাহত থাকবে, যা গভর্নর কুওমোর ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স-এর মাধ্যমে এই সাইটগুলো পরিচালনার জন্য স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করেছে।

###

আরো সংবাদ পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)